

আমাদের ময়

এসএসসির সংক্ষিপ্ত পাঠ্যসূচি প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

২৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২৫ জানুয়ারি ২০২১ ২২:৩৫



করোনা ভাইরাস মহামারীর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় চলতি বছরের এসএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যস্ত নতুন পাঠ্যসূচি প্রকাশ করেছে সরকার। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে গতকাল এ পাঠ্যসূচি প্রকাশ করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্টদের অবহিত করতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের নির্দেশনাও দেওয়া হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবারের এসএসসি পরীক্ষার্থীদের জন্য সংক্ষিপ্ত এই পাঠ্যসূচি তৈরি করেছে। বাংলাদেশে করোনা ভাইরাসে প্রকোপ শুরুর পর গত ১৭ মার্চ

থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে।

এখন দৈনিক করোনা শনাক্তের হার খানিকটা কমে আসায় শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলার প্রস্তুতি নিতে প্রতিষ্ঠানপ্রধানদের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। আগামী ৪ ফেব্রুয়ারির মধ্যে সব শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে পদক্ষেপ নিতে বলা হয়েছে; যাতে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পাওয়ামাত্র শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া যায়।

শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর দশম ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের সপ্তাহে পাঁচ বা ছয় দিন ক্লাস করানো হবে। অন্যদের সপ্তাহে একদিন ক্লাস করানোর পরিকল্পনা নেওয়ার কথা শিক্ষামন্ত্রী দীপু মনি ইতোমধ্যে জানিয়েছেন।

মহামারীর কারণে যেহেতু প্রায় এক বছর ক্লাস করানো যায়নি, তাই এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যস্ত এই পাঠ্যসূচি ধরে তিন মাস ক্লাস করানোর পরিকল্পনা করেছে সরকার।

তা সন্তুষ্ট হলে আগামী জুনে এসএসসি ও সমমানের পরীক্ষা এবং একইভাবে জুলাই-আগস্ট মাসে এইচএসসি ও সমমানের পরীক্ষা নেওয়ার পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মতুন খাতোর সৈনিক
আমাদের সময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy